

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ পরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
চাঁদপুর।

স্মারক নং ২৩৭ (১৩)

তারিখ ১১/০৩/২০২৪


বিষয় : পাইকারী কীটনাশক বিক্রয় লাইসেন্স স্থগিত করণ প্রসঙ্গে।

সূত্রঃ উপজেলা কৃষি অফিসার, হাজীগঞ্জ, চাঁদপুর এর স্মারক নং তারিখ : ১৯১ তারিখ : ০৭/০৩/২০২৪

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনাকে (মেসার্স কৃষি ঘর, পাইকারি বালাইনাশক বিক্রেতা, প্রোঃ মোঃ আক্তারুজ্জামান, লাইসেন্স নং-হাজী/২১ তারিখঃ ১৮/১১/২০১৫, হাজীগঞ্জ বাজার, হাজীগঞ্জ পৌরসভা, চাঁদপুর) জানানো যাচ্ছে যে, বিগত ০৭/০৩/২০২৪ খ্রিঃ তারিখে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কৃষি অফিসার, হাজীগঞ্জ, চাঁদপুর এর সম্মুখে আপনার দোকানে ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন। পরিচালনাকালে সার (ব্যবস্থাপনা) আইন-২০০৬ এবং বালাইনাশক (পেস্টিসাইড) আইন-২০১৮ মোতাবেক নিবন্ধনহীন ও ক্রুটিপূর্ণ লেবেলযুক্ত অনুপুষ্টি সার এবং বালাইনাশক মজুদ ও বিক্রয়ের জন্য জরিমানা আদায় করেন। এই জন্য বালাইনাশক আইন-২০১৮ এর ধারা ১৪(১) অনুযায়ী আপনার নামে প্রদানকৃত পাইকারী বালাইনাশক বিক্রয় লাইসেন্সটি (লাইসেন্স নং-হাজী/২১ তারিখঃ ১৮/১১/২০১৫, হাজীগঞ্জ বাজার, হাজীগঞ্জ পৌরসভা, চাঁদপুর) স্থগিত করা হলো এবং সকল ধরনের পেস্টিসাইড দোকানে সংরক্ষণ ও বিক্রয় বন্ধ রাখার জন্য নির্দেশ প্রদান করা হলো।

প্রাপক

মেসার্স কৃষি ঘর
প্রোঃ মোঃ আক্তারুজ্জামান
লাইসেন্স নং হাজী/২১ তারিখ : ১৮/১১/২০১৫,
হাজীগঞ্জ বাজার, হাজীগঞ্জ পৌরসভা, চাঁদপুর।


(সিরাজুল ইসলাম)
অতিরিক্ত উপ পরিচালক (পিপি)
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
চাঁদপুর।

অনুলিপিঃ

- ১। পরিচালক, উদ্ভিদ সংরক্ষণ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা (সদয় জ্ঞাতার্থে)।
- ২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা (সদয় জ্ঞাতার্থে)।
- ৩। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চাঁদপুর (সদয় জ্ঞাতার্থে)।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, হাজীগঞ্জ, চাঁদপুর।
- ৫। উপজেলা কৃষি অফিসার, হাজীগঞ্জ, চাঁদপুর।
- ৬। উপজেলা কৃষি অফিসার, সদর/ মতলব উঃ/ মতলব দঃ/ শাহরাস্তি/ কচুয়া/ ফরিদগঞ্জ/ হাইমচর, চাঁদপুর।
- ৭। অফিস কপি।